দৈনিক সংবাদ

৩০/৮/২০০০

তারিখ ........
পৃষ্ঠা ৭ কলাম ৪

## সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচি

# ঠাকুরগাঁয়ে আজ চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা

ঠাকুরগাঁ থেকে আখতার হোসেন রাজা ঃ সুরভিত ঠাকুরগাঁ, সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচির প্রথম পর্যায়ের চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা আজ ৩০শে আগস্ট বৃহস্পতিবার এক উৎসবমুখর পরিবেশে সমগ্র জেলায় একযোগে অনুষ্ঠিত হচ্ছে।

গত বছর ৭ই নভেম্বর,২০০০, ৯ কোটি ৬৩ লাখ ৮২ হাজার ২৫০ টাকা ব্যয় সাপেক্ষে টি,এল,এম কার্যক্রম সুরভিত ঠাকুরগাঁয়ের পাঠদান কার্যক্রম জাঁকজমক পরিবেশে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়।

চলতি বছর জুলাই ২০০১ মাসে সমস্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার কথা থাকলেও প্রশাসনিক জটিলতা ও স্থানীয় নানা ঝুট-ঝামেলার দরুন এই মহতি কার্যক্রম ঝিমিয়ে পড়ে। পরে নবাগত জেলা প্রশাসক নেপাল চন্দ্র সরকারের অক্লান্ত প্রচেষ্টা ও উদ্যোগে এই প্রকল্প দাঁড় করানো হয় এবং কার্যক্রম আড়াই মাস বাড়ানো হয়। এতে নতুন মাত্রা যোগ হয়ে কার্যক্রমে গতি আসে।

কর্মসূচির আওতায় জেলার ৫টি উপজেলার ৫১টি ইউনিয়ন ও ২টি পৌরসভা এলাকার ১১ বছর বয়সী থেকে ৪৫ বছর বয়সী নিরক্ষর মোট ৩ লাখ ৭ হাজার ৮৬০ জন নারী-পুরুষকে অক্ষরজ্ঞানের লক্ষ্যে জেলায় ৪৮৮৪টি পুরুষ কেন্দ্র ও ৫৩৭৮টি মহিলা শিক্ষাকেন্দ্র খোলা হয়। কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে ১০ হাজার ২৬২ জন শিক্ষক শিক্ষিকা এবং ৬৮২ জন সুপারভাইজারকে নিয়োগদান করা হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, সার্বিক সাক্ষরতা আন্দোলন সুরভিত ঠাকুরগাঁর সাফল্যতা অর্জনের লক্ষ্যে জেলা প্রশাসনের গতিশীল তত্ত্বাবধানে ৮টি করে টিম প্রতিদিন তদারকি মাঠ পর্যায়ে চলছে। প্রতিটি টিমের নেতৃত্বে রয়েছেন একজন করে ম্যাজিস্ট্রেট বা সম মর্যাদার সরকারি কর্মকর্তারা।

জেলা টিএলএম সেলের এক তথ্যে জানা যায় বরাদ্দকৃত ৯ কোটি ৬৩ লাখ ৮ হাজার ২৫০ টাকা বরাদ্দকৃত বাজেটের মধ্যে অধিদপ্তরের বইপত্র সংগ্রহ বাবদ দেড় কোটি টাকা, সাক্ষরতা উত্তর পর্ব বাবদ দেড় কোটি টাকা এবং অন্যান্য খাতে মোট ৪ কোটি টাকা ব্যয় হয়েছে এবং কর্মসূচি শেষে প্রায় দেড় কোটি টাকা অব্যয়িত থাকছে।

আজ ৩০শে আগস্ট সকাল ১০টায় প্রতিটি কেন্দ্রে মহিলা শিক্ষার্থীদের পরীক্ষা শুরু হবে এবং ১২টায় শেষ হবে। পুরুষ পরীক্ষার্থীদের দুপুর ২টায় পরীক্ষা শুরু হবে এবং ৪টায় শেষ হবে।